দামুড়হুদায় গ্রাম ডাক্তার (কল্যাণ) সমিতির আলোচনা সভা ও কমিটি গঠন

বাংলাদেশ গ্রাম ডাক্তার (কল্যাণ) সমিতির দামুড়হুদা থানা শাখা’র আলোচনা সভা ও কমিটি গঠন করা হয়েছে।আজ মঙ্গলবার বেলা ১২টায় দামুড়হুদায় অন্তর মেডিকেলের হলরুমে এ আলোচনা সভা ও কমিটি গঠন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ গ্রাম ডাক্তার (কল্যাণ) সমিতির দামুড়হুদা শাখার আয়োজনে গ্রাম ডাক্তার কল্যাণ সমিতির চুয়াডাঙ্গা জেলা সহ-সভাপতি গ্রাম ডা. মোঃ হায়দার আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা জেলার সহকারি পরিচালক ঔষধ প্রশাসন মোঃ কে, এম, মুহসীনিন মাহবুব। বিশেষ অতিথি ছিলেন জেলা গ্রাম ডাক্তার কল্যাণ সমিতি আহবায়ক গ্রাম ডা. মোঃ নজরুল ইসলাম, জেলা গ্রাম ডাক্তার কল্যাণ সমিতির সদস্য সচিব গ্রাম ডা.মোঃ আজমল হক জেলা গ্রাম ডাক্তার কল্যাণ সমিতির সিনিয়র সহ সভাপতি গ্রাম ডা. মোঃ আব্দুল ওহাব।

আলোচনা সভা শেষে বাংলাদেশ গ্রাম ডাক্তার (কল্যাণ) সমিতির দামুড়হুদা থানা শাখার ৫১সদস্য পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়। সভাপতি মোঃ মনিরুল ইসলাম, সহ-সভাপতি রেজাউল হক, সহ-সভাপতি আ: মমিন, সহ-সভাপতি মুসা করিম, সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম,যুগ্ন সম্পাদক মতিরুল ইসলাম, যুগ্ন সম্পাদক হামিদুর রহমান, যুগ্ন সম্পাদক আক্তারুল রহমান,গাংঠনিক সম্পাদক মামুনুর রশিদ, কোষাধক্ষ্য সাইদুর রহমান, সমাজ কল্যাণ সম্পাদক জহিরুল ইসলাম, দপ্তর সম্পাদক হোসাইন, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক আল মামুন পলাশ, প্রচার সম্পাদক সাইদুর রহমান, মহিলা বিষয়ক সম্পাদক মেরিনা পারভিন শম্পাসহ বাংলাদেশ গ্রাম ডাক্তার (কল্যাণ) সমিতির দামুড়হুদা থানা শাখা’র সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন বাংলাদেশ গ্রাম ডাক্তার কল্যাণ সমিতির দামুড়হুদা শাখার সাংগঠনিক সম্পাদক মামুনুর রশিদ।

দামুড়হুদার জয়রামপুরে কিরণ মালা কপির বিজ রোপণ করে ক্ষতিগ্রস্ত কৃষকরা

দামুড়হুদার জয়রামপুর গ্রামের ২০জন কৃষক এআর মালিক সীডস কোম্পানির কিরণ মালা কপির বীজ কিনে চারা রোপন করে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

গতকাল রবিবার দুপুরে ভুক্তভোগী ওই ২০জন কৃষক তাদের ক্ষতিপূরণ দাবী করে ওই বীজ কোম্পানির বিরুদ্ধে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ করেছেন।

লিখিত অভিযোগ সূত্রে জানাগেছে, চলতি মৌসুমে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর গ্রামের বারুইপাড়া, মল্লিকপাড়া, ক্যাম্পপাড়ার ২০জন কৃষক এআর মালিক সীডস কোম্পানীর কিরণ মালা নামক ফুলকপির বীজ কিনে চারা রোপন করে। বর্তমানে ওই ফুলকপির গাছের বয়স ৭০-৭৫ দিন। গাছে ফুল এলেও তা আকারে খুবই ছোট ও ওজনে হালকা। এছাড়াও গাছের পাতা ঝরে যাচ্ছে। যার ফলে ভুক্তভোগী ওই কৃষকদের বিঘা প্রতি ৩০ থেকে ৩৫ হাজার টাকার লোকসান গুনতে হচ্ছে। তারা মনে করছেন নিুমানের বীজের জন্যই তাদের এই ক্ষতিগ্রস্ত হবার মূল কারণ। তাই তারা তাদের ক্ষতিপূরণ চেয়ে সীডস কোম্পানির বিরুদ্ধে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ করে।

দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস বলেন, ভুক্তভোগী কৃষকদের অভিযোগ পেয়ে ঘটনাস্থলে

উপসহকারী কৃষি কর্মকর্তা কে পাঠানো হয়েছে। সেখানেই অভিযোগের প্রাথমিক সত্যতা মিলেছে। পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা বলেন, এআর মালিক সীড কোম্পানির কপির বীজ কিনে চারা রোপন করে ক্ষতিগ্রস্ত হওয়ায় ভুক্তভোগী ২০জন কৃষক একটি লিখিত অভিযোগ করেছে। অভিযোগটি তদন্তের জন্য উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদায় পুলিশের অভিযানে ২০ কেজি রুপাসহ আটক ১

দামুড়হুদা মডেল থানার পুলিশ চোরাচালানি অভিযান চালিয়ে প্রায় ২০ কেজি রুপা সহ একজনকে আটক করেছেন। আটকৃত শাহানাজ বেগম (৪০) বিষ্ণুপুর গ্রামের রুস্তম আলির স্ত্রী। আজ সোমবার দুপুর ৩টার দিকে তার নিজ বাড়ি থেকে এই রুপা উদ্ধার করেন।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর নির্দেশে গোপন সংবাদের ভিত্তিতে তদন্ত ওসি মাহবুবুর রহমান, এস আই মিজানুর রহমান এস আই রিয়াজুল ইসলাম, মহিলা পুলিশ খাদিজাতুল কবরা সঙ্গীয় ফোর্স নিয়ে দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের বিষ্ণুপুর গ্রামের রুস্তম আলির স্ত্রী শাহানাজ বেগমকে আটক করেন। পরে তার ঘর তল্লাশি করে ১৯ কেজি ৯ শত ৯৮ গ্রাম রুপা উদ্ধার করা হয় যার আনুমানিক মুল ২০ লক্ষ ৬৪ হাজার টাকা।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির বলেন রুপাসহ একজন মহিলাকে আটক করা হয়েছে। আসামীর বিরুদ্ধে চোরাচালানি মামলা দায়ের করা হয়েছে। আজ তাকে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদায় কন্যা হত্যার আসামি পিতা আটক

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামে কন্যা হত্যার পাষণ্ড পিতা আজিজুল হক ভারতে পালিয়ে যাওয়ার সময় বিজিবির হাতে আটক হয়েছে ।

আজ সোমবার কার্পাসডাঙ্গার চাকুলিয়া সীমান্ত থেকে সকাল ৮টার সময় ৮৭এর ৩ আর থেকে বিজিবির ল্যান্স নায়েক মোঃ শাহিন আলমের নেতৃত্বে আটক করে বিজিবি সদস্যরা। পরে কার্পাসডাঙ্গা ফাঁড়ি পুলিশের কাছে হস্থানন্তর করে ঠাকুরপুর বিওপি ক্যাম্পের কমান্ডার নায়েক সুবেদার কাজি আজাদ।

উল্লেখ্য দামুড়হুদার কার্পাসডাঙ্গায় ঘুমন্ত মেয়ে মর্জিনা খাতুনকে কুপিয়ে হত্যা করে বাবা আজিজুল হক। শনিবার রাত দেড়টার দিকে উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামে এ ঘটনা ঘটে।

নিহতের বোনের ছেলে হোসেইন বলেন, সন্ধ্যায় সমিতি থেকে নেয়া ঋণের কিস্তির টাকা দেওয়া নিয়ে বাবা আজিবার মণ্ডলের সঙ্গে মর্জিনা খাতুনের বাগবিতণ্ডা হয়। এরই জেরে রাত দেড়টার দিকে ঘুমন্ত অবস্থায় মেয়েকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করেন আজিজুল হক। একপর্যায়ে বাড়ির একটি গর্তে ফেলে রাখেন। এ সময় মর্জিনার চিৎকারে তার মেয়ে রোকসানা ছুটে এলে তাকেও এলোপাতাড়ি কুপিয়ে জখম করেন আজিজুল। পরে দুজনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে মর্জিনাকে মৃত ঘোষণা করেন চিকিৎসক।

জরুরি বিভাগের চিকিৎসক মুস্তাফিজুর রহমান বলেন, মর্জিনা খাতুনকে হাসপাতালে মৃত অবস্থায় নিয়ে আসা হয়েছিল। তার শরীরের বিভিন্ন স্থানে ধারালো অস্ত্রের আঘাত রয়েছে। রোকসানার দুই হাত জখম হয়েছে।

বিষয়টি নিশ্চিত করেছেন কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ (এসআই) ইমরান। তিনি বলেন, ঘটনার পরেই পালিয়েছেন অভিযুক্ত আজিজুল হক। তাকে আটকের চেষ্টা চলছে।

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে আটক ৩

দামুড়হুদা মডেল থানার পুলিশ মাদক বিরোধী পৃথক পৃর্থক স্থানে অভিযান চালিয়ে গাঁজা ও ইয়াবা ট্যবলেটসহ তিনজনকে আটক করতে সক্ষম হয়েছে। আটকৃরা হলো আতিকুল ইসলাম (৩০) ফকির পাড়া গ্রামের বদর উদ্দিনের ছেলে,আশরাফ (৩৫) গোবিন্দহুদা গ্রামের গোলাম হোসেনের ছেলে ও একই গ্রামের আক্কাস আলী(২৪) মৃত আঃ মজিদের ছেলে।

আজ রবিবার ফকির পাড়া ও গোবিন্দ হুদা বিল পাড়ায় থেকে তাদেরকে আটক করা হয়।

পুলিশ জানায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর এর তত্ত্বাবধানে গোপন সংবাদের ভিত্তিতে এসআই মোঃ রিয়াজুল ইসলাম, এসআই মোঃ তৌহিদুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে ফকির পাড়া গ্রামের বদর উদ্দিনের ছেলে আতিকুর রহমানকে আটক করেন। পরে তার দেহ তল্লাশী করে ৫ শত গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। একই দিনে গোবিন্দ হুদা গ্রামের গোলাম হোসেনের ছেলে আশরাফ ও একই গ্রামের মৃত আব্দুল মজিদের ছেলে আক্কাস আলিকে আটক করেন। পরে তাদের দেহ তল্লাশী করে ৭০ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়।

তাদের বিরোদ্ধে দামুড়হুদা মডেল থানায় পৃথক পৃথক মামলা দায়ের করা হয়েছে। আজ তাদেরকে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়েছে বলে জানায় পুলিশ।

দামুড়হুদায় মেয়েকে কুপিয়ে

হত্যার অভিযোগ বাবার বিরুদ্ধে

দামুড়হুদায় ঘুমন্ত মেয়ে মর্জিনা খাতুনকে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে বাবা আজিবার মণ্ডলের বিরুদ্ধে। গতকাল শনিবার রাত দেড়টার দিকে উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামে এ ঘটনা ঘটে।

নিহতের বোনের ছেলে হোসেইন বলেন, সন্ধ্যায় সমিতি থেকে নেয়া ঋণের কিস্তির টাকা দেওয়া নিয়ে বাবা আজিবার মণ্ডলের সঙ্গে মর্জিনা খাতুনের বাগবিতণ্ডা হয়। এরই জেরে রাত দেড়টার দিকে ঘুমন্ত অবস্থায় মেয়েকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করেন আজিবার মণ্ডল। একপর্যায়ে বাড়ির একটি গর্তে ফেলে রাখেন। এ সময় মর্জিনার চিৎকারে তার মেয়ে রোকসানা ছুটে এলে তাকেও এলোপাতাড়ি কুপিয়ে জখম করেন আজিবার। পরে দুজনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে মর্জিনাকে মৃত ঘোষণা করেন চিকিৎসক।

জরুরি বিভাগের চিকিৎসক মুস্তাফিজুর রহমান বলেন, মর্জিনা খাতুনকে হাসপাতালে মৃত অবস্থায় নিয়ে আসা হয়েছিল। তার শরীরের বিভিন্ন স্থানে ধারালো অস্ত্রের আঘাত রয়েছে। রোকসানার দুই হাত জখম হয়েছে।

বিষয়টি নিশ্চিত করেছেন কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ (এসআই) ইমরান। তিনি বলেন, ঘটনার পরেই পালিয়েছেন অভিযুক্ত আজিবার মণ্ডল। তাকে আটকের চেষ্টা চলছে।

দামুড়হুদায় জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে আলোচনা সভা

দামুড়হুদা জাতীয় কন্যাশিশু দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আজ শনিবার সকাল সাড়ে ১০টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের যোথ্য আয়োজনে দিবসটি উদযাপন করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতার সভাপতিত্বে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী সহিদুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। দামুড়হুদা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহানের সন্চালনায় এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান সহ স্থানীয় বিভিন্ন স্কুলের শিক্ষার্থীবৃন্দ প্রমুখ।

দামুড়হুদায় প্রধানমন্ত্রীর ৭৭তম জন্মদিন পালিত

দামুড়হুদায় উপজেলা আওয়ামী লীগের আয়োজনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭তম জন্মদিন পালন করা হয়েছে। এ উপলক্ষে আজ শুক্রবার বিকেলে দামুড়হুদা বাসস্ট্যান্ড এলাকায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা জেলা পরিষদ চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু। শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন যুবলীগ নেতা ফজলুর রহমান ফজু।

সভায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন ঢাকাস্থ চুয়াডাঙ্গা জেলা সমিতির সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা মীর্জা শাহরিয়ার মাহমুদ লল্টু, বাংলাদেশ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক কৃষিবিদ ড. হামিদুর রহমান, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি সিরাজুল আলম ঝন্টু, দৈনিক সকালের সময় পত্রিকার সম্পাদক বাংলাদেশ সংবাদপত্র পরিষদের মহাসচিব মানবাধিকার কর্মী নুর হাকিম, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, সাবেক সভাপতি হাজি সহিদুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক সাবেক ভাইস চেয়ারম্যান অ্যাড. রফিকুল আলম রান্টু, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল মমিন মাস্টার, জুড়ানপুর ইউনিয়ন

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু তালেব, নাটুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রেজাউল করীম, কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সহসভাপতি কাফি উদ্দীন টুটুল, উপজেলা শ্রমিকলীগের সভাপতি হাজি আব্দুল কাদির, আওয়ামী লীগ নেতা অ্যাড. ইউনুস আলী।

দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক আহবায়ক চুয়াডাঙ্গা জেলা জজকোর্টের এপিপি অ্যাড. আবু তালেবের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন যুবলীগ নেতা জাহাঙ্গীর আলম, আব্দুল মালেক ভূইয়া, সরোয়ার সিদ্দিক মামুন, হাফিজুর রহমান, প্রজন্মলীগ নেতা হাসান আল বাখার ডলার, আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজ ছাত্রলীগের আহবায়ক শাহীন মোল্লা। দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের আইন বিষয়ক সম্পাদক বুলবুল আহমেদসহ স্থানীয় আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ। বক্তারা বলেন, বাংলাদেশ আওয়ামী লীগ একটানা ১৫ বছর রাষ্ট্রীয় ক্ষমতায়। এই ১৫ বছরে দেশের ব্যাপক উন্নয়ন হয়েছে। যার একমাত্র দাবীদার বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। কোন এমপি নয়। পদ্মা সেতু, বঙ্গবন্ধু ট্যানেল, উড়াল সেতু, মেট্রোরেল, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, পায়রা সমুদ্র বন্দর আজ দৃশ্যমান। জননেত্রী দেশরত্ন শেখ হাসিনার নিরলস পরিশ্রমে দেশ আজ উন্নয়নের মহাসড়কে। সেই প্রাণপ্রিয় নেত্রী শেখ হাসিনা বলেছেন বিতর্কিত কাউকে এবার মনোনয়ন দেয়া হবেনা। নেত্রীর দীর্ঘায়ু কামনা করে বক্তারা আরও বলেন, চুয়াডাঙ্গা-২ আসনে এবার খাজিনদার পাল্টাতে হবে। নেত্রীর প্রতি আমাদের একটাই অনুরোধ কোন রাজাকার পরিবারের কাউকে যেন নমিনেশন দেয়া না হয়। একজন পরিচ্ছন্ন, ত্যাগী ও আওয়ামী লীগের পরীক্ষিত ক্লিন ইমেজের ব্যাক্তিকে নমিনেশন দিবেন। ইনশাআল্লাহ, আমরা কাঁধে কাঁধ মিলিয়ে নৌকার বিজয় সুনিশ্চিত করতে সক্ষম হব।

দামুড়হুদায় বাল্যবিবাহ বন্ধ করে বরযাত্রীর খাবার এতিমদের

দিলেন এসিল্যান্ড

দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের মজলিস পুর গ্রামে উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস এর হস্তক্ষেপে বাল্যবিয়ে থেকে রক্ষা পেল দশম শ্রেণির এক ছাত্রী।

আজ বুধবার দুপুরে বিয়ে বাড়িতে অভিযান চালিয়ে বিবাহটি বন্ধ করেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস। সেই সঙ্গে বিয়ে বাড়িতে বরযাত্রীদের জন্য তৈরি করা খাবার স্থানীয় বিষ্ণুপুর ফুরকুনিয়া উলুম কওয়ামী লিল্লাহ বোডিং এতিমখানায় বিতরণ করা হয়।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, বুধবার দুপুরে দশম শ্রেণির ওই ছাত্রী (১৬) কুতুব উদ্দিন এর মেয়ের বিয়ের আয়োজন চলছিলো তার জন্মসন ২০০৮ সন থেকে কম্পিউটার এডিডের মাধ্যমে ২০০৫ সন করে বিয়ের পায়তারা চলমান কালে গোপন সূত্রে এমন খবর পেয়ে মেয়েটির বাড়িতে অভিযান চালান দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস। ভ্রাম্যমাণ আদালতের উপস্থিতি বুঝতে পেরে কনের মা ও বাবা বাড়ি ছেড়ে পালিয়ে যান।

তখনো বরপক্ষ উপস্থিত না হওয়ায় উপস্থিত কনের অভিভাবককে বাল্যবিবাহ বন্ধের নির্দেশ দেন ভ্রাম্যমাণ আদালত। কনের মা-বাবা বাড়ি ছেড়ে পালিয়ে যাওয়ায় প্রাপ্তবয়স্ক না হওয়া পর্যন্ত মেয়েটিকে বিবাহ দেওয়া যাবে না এ মর্মে তাঁর চাচার কাছ থেকে মুচলেকা নেওয়া হয়েছে। সেই সঙ্গে বরপক্ষের জন্য রান্না করা খাবার উপজেলার জুড়ানপুর ইউনিয়নের বিষ্ণুপুর ফুরকুনিয়া উলুম কওয়ামী লিল্লাহ বোডিং এতিমখানার শিশুদের মধ্যে বিতরণ করা হয়।

এসব তথ্য নিশ্চিত করে এসিল্যান্ড সজল কুমার দাস প্রতিবেদকে বলেন, কনে প্রাপ্তবয়স্ক না হওয়ায় দেশের প্রচলিত আইন মেনেই এই বাল্যবিবাহটি বন্ধ করা হয়েছে। সেই সঙ্গে কনের মা ও বাবা পালিয়ে যাওয়ায় শাস্তি হিসেবে বিয়ের বরযাত্রীদের জন্য তৈরি করা সব খাবার এতিমখানায় বিতরণ করা হয়েছে। এটাই তাদের শাস্তি, এই বাল্যবিবাহ যাতে না হয়, সে জন্য উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সার্বক্ষণিক খোঁজ খবর রাখা হবে, উপজেলা প্রশাসনের পক্ষ থেকে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

অভিযানের পরিচালনায় সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানার পুলিশ সহ জুড়ানপুর ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের সদস্যগন।

দামুড়হুদায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত

দামুড়হুদায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৩ পালিত হয়েছে। উপজেলা প্রশাসনের আয়োজনে আজ বুধবার সকাল সাড়ে ১০ টার সময় র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা সিএ ফয়জুল ইসলাম, দামুড়হুদা বাসট্যান্ড বাজার কমিটির সভাপতি রতন সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।